# মনে হয় প্রত্যেকে লেনিন

বিষ্ণু দে

তোমাদেরও মনে হয়, মনে হয় তোমরাও প্রত্যেকে লেনিন?
লাজুক সুকান্ত ওই কথাটাই বলেছিল কৈশোর সংরাগে বহুদিন আগে —
সহজ কিশোর বিনম্র কবি বাংলায় তার কথা শতবর্ষে জাগে।
কারণ লেনিন নন দেবতা বা পুরাণ-নায়ক, তিনি একালের বীর,
স্থির ধীর, ভাবুক, আত্মস্থ, নেতা, মানবিক; নিজেকে জাহির
কখনোই করেননি ; এমনকি কোন এক সভাঘরে স্বয়ং লেনিন
লেনিনিস্ট অত্যুক্তিতে শোনা যায় উঠে যান সংকোচে বিরাগে।
তাই আজ মনে হয় যদি সারা দেশ ভাবে, ভাবে প্রতিদিন
সাধারাণ মানুযেরা, সকলেই, নিত্যভাবে দীন হই নই কভু হীন,
তাহলে হয়তো প্রতি মাস হবে অক্টোবর, প্রতিদিন প্রত্যেকে লেনিন।
শুনেছি যে লেনিনেরও সাধ ছিল একদিন সকলেই হয়ে যাবে
শতায়ু লেনিন।।

পথিকৃৎ
ফেব্রুয়ারি ২০১৭
পৃ.১০